



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/19/2023

গভর্নর ক্যাথি হোকল

## ক্যাটলিন হ্যালিগানের ব্যাপারে নিশ্চিত করে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"সলিসিটর জেনারেল হিসেবে দায়িত্ব পালন থেকে শুরু করে ম্যানহাটন ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিসে কাজ করা এবং মার্কিন সুপ্রিম কোর্টের (U.S. Supreme Court) ক্লার্কের কাজ করা পর্যন্ত, ক্যাটলিন হ্যালিগান তার ক্যারিয়ারে বিচার ব্যবস্থার সর্বোচ্চ পর্যায়সমূহে অসাধারণত্ব প্রদর্শন করেছেন এবং সরকারি চাকরি ও বেসরকারি অনুশীলন উভয়ের ক্ষেত্রে তার অতুলনীয় রেকর্ড রয়েছে। তিনি ভাড়াটিয়াদের পক্ষে, বন্দুক প্রতিরোধে, এবং মার্কিন নারী জাতীয় দলের (U.S. Women's National Team) সকার খেলোয়াড়দের সমান বেতনের জন্য কাজ করেছেন। তার যোগ্যতা অসাধারণ এবং তার বুদ্ধিমত্তা অতুলনীয়।

আমি নিউ ইয়র্ক স্টেটের আপিল আদালতের (New York State Court of Appeals) সহযোগী বিচারক হিসেবে দায়িত্ব পালনের জন্য ক্যাটলিন হ্যালিগানকে মনোনীত করতে পেরে গর্বিত, এবং আমি সিনেট যে দ্বিপক্ষীয় সমর্থনের সাথে তাকে নিশ্চিত করেছে তা নিয়ে আমি আনন্দিত।

আমি আত্মবিশ্বাসী যে ক্যাটলিন হ্যালিগান আমাদের স্টেটের সর্বোচ্চ আদালতের দারুণ একজন সংযোজন হবেন, তিনি নিউ ইয়র্ক স্টেটের আপিল আদালতকে আরেকবার অর্থপূর্ণ, উচ্চমানের আইনশাস্ত্রের ক্ষেত্রে দেশের শীর্ষ উদাহরণ হয়ে উঠতে সাহায্য করবেন।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)